Phone call between Prime Minister Shri Narendra Modi and H.E. Mr. Mark Rutte, Prime Minister of the Netherlands

July 13, 2022

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ও নেদারল্যান্ডের প্রধানমন্ত্রী মার্ক রুট্টের মধ্যে টেলিফোনে কথা

জুলাই 13, 2022

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী নেদারল্যান্ডের প্রধানমন্ত্রী মার্ক রুট্টের সঙ্গে টেলিফোনে কথা বলেছেন।

দুই নেতা ভারত-নেদারল্যান্ড দ্বিপাক্ষিক সম্পর্ক ও জল সহযোগিতায় কৌশলগত অংশীদারিত্ব সহ কৃষি ক্ষেত্রের নানান দিক নিয়ে আলোচনা করেন। উভয়ে ভারত-ইউরোপীয় ইউনিয়নের মধ্যে সম্পর্ক নিয়েও মত-বিনিময় করেন। এছাড়াও আঞ্চলিক ও আন্তর্জাতিক বিভিন্ন বিষয় এবং ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের সহযোগিতার বিষয়ে ভারত-নেদারল্যান্ডের প্রধানমন্ত্রীদের মধ্যে কথা হয়।

উদ্ধ পর্যায়ের প্রতিনিধিদের মধ্যে নিয়মিত সফর এবং মত-বিনিময় ভারত-নেদারল্যান্ড সম্পর্ককে সাম্প্রতিককালে নতুন উদ্ধতায় পৌঁছে দিয়েছে। দুই দেশের প্রধানমন্ত্রী ২০২১ সালের ৯ই এপ্রিল তার্চুয়াল শিখর সম্মেলন করেন। এই সম্মেলনে নেদারল্যান্ডের সঙ্গে জল সম্বন্ধীয় কৌশলগত অংশীদারিত্ব স্থাপন করা হয়।

চলতি বছরে ভারত ও নেদারল্যান্ড যৌথভাবে কূটনৈতিক সম্পর্ক স্থাপনের ৭৫ বছর উদযাপন করছে। ভারতের রাষ্ট্রপতির চলতি বছরের ৪–৭ এপ্রিল নেদারল্যান্ড সফরের মধ্যে দিয়ে এই বিশেষ মাইলফলকটি পালন করা হয়।

নতুন দিল্লী জুলাই 13, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.